

বঙ্গবন্ধুর সমাধিতে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে নৌপরিবহন মন্ত্রণালয়ের পক্ষে শ্রদ্ধা জানান
প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী

টুঙ্গিপাড়া (গোপালগঞ্জ) ২৯ আগস্ট;


নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি'র নেতৃত্বে নৌপরিবহন মন্ত্রণালয়ের পক্ষ থেকে আজ টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করা হয়। শ্রদ্ধা নিবেদন শেষে বঙ্গবন্ধুসহ ১৫ আগস্টের সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করে মোনাজাত করা হয়।

এসময় অন্যান্যের মধ্যে মোংলা বন্দরের চেয়ারম্যান রিয়ার এডমিরাল এম শাহজাহান, বিআইডব্লিউটিসির চেয়ারম্যান খাজা মিয়া, বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান কমডোর গোলাম সাদেক এবং নৌপরিবহন অধিদফতরের মহাপরিচালক কমডোর আবু জাফর মোঃ জালালউদ্দিন উপস্থিত ছিলেন।

টুঙ্গিপাড়া পৌরসভার মেয়র শেখ আহমেদ হোসেন মির্জা ও প্রধানমন্ত্রীর ব্যক্তিগত বিশেষ সহকারী মাহমুদুল হাসান বাবুল উপস্থিত ছিলেন।

প্রতিমন্ত্রী পরে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর স্মৃতিবিজরিত পাটগাতী লঞ্চঘাট এবং স্টীমার থেকে টুঙ্গিপাড়ায় যে স্থানে নামতেন সে স্থান পরিদর্শন করেন।

প্রতিমন্ত্রী দুপুরে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধি সংলগ্ন মসজিদে নামাজ আদায় শেষে বঙ্গবন্ধুসহ ১৫ আগস্টের সকল শহীদের আত্মার মাগফিরাত কামনায় মিলাদে অংশ নেন।


মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৪২৫৩৬৪
jahangirpro66@gmail.com